

রোগী 'উড়িয়ে' আনবে মেডিকা



নিজস্ব প্রতিবেদন: সড়ক বা রেলপথের জমানা এখন অতীত। দূর-দূরান্ত থেকে এবার রোগীকে আকাশপথে উড়িয়ে নিয়ে আসতে তৈরি কলকাতার মেডিকা সুপার-স্পেশ্যালিটি হাসপাতাল। আজ থেকে শুরু হতে চলেছে দেশের মধ্যে প্রথম এই 'এয়ার ইভ্যাকুয়েশন' পরিষেবা, দিনরাতের জন্যেই।

লখনউ ও কানপুর-সহ পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের মোটামুটি সবকটি বিমানবন্দর থেকেই এই পরিষেবা পাওয়া যাবে। মেডিকার দফতরে শুধু একটা ফোন করলেই, তারা সংশ্লিষ্ট জায়গায় প্রয়োজনে চিকিৎসক সমেত পাঠিয়ে দেবে এই চার আসনের 'সেস্না স্কাই-হক' চার্টার্ড বিমান। অনেকখানি সময় বাঁচিয়ে সেই বিমান রোগীকে নিয়ে কলকাতা বিমানবন্দরে অবতরণ

করলে সেখান থেকে তাঁকে হাসপাতালে পৌঁছে দেওয়ার জন্যে দমদমেই মজুত থাকবে একটি অ্যান্ডুলেন্স। জানা গিয়েছে, যে সব রোগীকে বিমানে চড়িয়ে নিয়ে আসতে সমস্যা রয়েছে, তাঁদের জন্যে মেডিকাই একজন বিশেষজ্ঞ চিকিৎসককে পাঠিয়ে দেবে রোগীর দোরগোড়ায়।

যদিও এমন অভিনব পরিষেবা নিতে গেলে পকেট থেকে রোগীকেই বের করতে হবে তার খরচ। অবশ্য হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, এই খরচ খুব বেশি হবে না, থাকবে আয়ত্তের মধ্যেই। সূত্রে জানা গিয়েছে, ঘণ্টায় দশ হাজার টাকা ভাড়া গুনতে হতে পারে এর জন্যে। তবে, জরুরি চিকিৎসার জন্যে এই খরচ সময়ের থেকে বেশি মূল্যবান নয়, তা নিশ্চিত।